দৈনিক
ইত্তেফাক

তারিখ 2 8 JUN 2015
পৃষ্ঠা ৪ কলাম ১

# জাবির সিনেটে ১১৯ কোটি টাকার বাজেট পাস

■ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় সংবাদদাতা

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সিনেটের ৩৪তম বার্ষিক অধিবেশনে গতকাল শনিবার বিশ্ববিদ্যালয়ের ১১৯ কোটি টাকার বাজেট পেশ এবং পরে সিনেট সদস্যদের অনুমোদন করে তা পাস করা হয়। বিশ্ববিদ্যালয়ের ভিসি, অধ্যাপক ফারজানা ইসলামের সভাপতিত্বে বেলা দেড়টায় সিনেট হলে এ অধিবেশন শুরু হয়। অধিবেশনে কোষাধ্যক্ষ অধ্যাপক আবুল খায়ের ২০১৪-২০১৫ অর্থ-বছরের ১১৪ কোটি ৯০ লাখ টাকার সংশোধিত বাজেট এবং ২০১৫-২০১৬ অর্থ বছরের জন্য ১১৯ কোটি টাকা মূলের বাজেট পেশ করেন এবং তা সিনেট সদস্যগণ অনুমোদন করেন।

অধিবেশনে সিনেট সদস্য ক্যাটাগরি থেকে সিন্ডিকেট সদস্য পদে অধ্যাপক শরীফ এনামুল কবির, মোতাহার হোসেন মোল্লা, বিশিষ্ট নাগরিক ক্যাটাগরিতে ইব্রাহীম হোসেন খান এবং সিনেট সদস্য থেকে অর্থ কমিটিতে এ এইচ এম সদরুল আলম (হারুন) বিনা প্রতিদ্বন্দ্বিতায় মনোনীত হয়েছেন।